

গ্রামেও যাচ্ছে কিন্ডার গার্টেন

সে ব্যাপার উপজেলায় পৌঁছে গেছে। একটি খবর প্রকাশিত হয়েছে মফস্বলের একটি দৈনিকে। খবরটি টাকা আত্মসাৎ সম্পর্কে। টাকা সংগ্রহ করা হয়েছিল একটি উপজেলায় কিন্ডার গার্টেন স্কুল স্থাপনের উদ্দেশ্যে। সে টাকা নাকি শেষ পর্যন্ত কেন ব্যক্তি বিশেষের পকেটে গিয়েছে।

প্রকৃতপক্ষে এই টাকা আত্মসাতের খবরে আমাদের খুব একটা কৌতূহল নেই। এ রকম ক্ষেত্রই থাকে। কিন্তু এ খবরটি গুরুত্বপূর্ণ দুটি ভিন্ন অর্থে। প্রথমটি হচ্ছে উপজেলায় কিন্ডার গার্টেনের আবির্ভাব। দ্বিতীয়টি হচ্ছে শিক্ষার জন্য অসাধু উপায়ে অর্থ সংগ্রহের মানসিকতা।

কিন্ডার গার্টেন নিয়ে বিতর্কের শেষ নেই। এই ক্ষেত্রেরই মতো তীব্র বিতর্ক হচ্ছে কিন্ডার গার্টেনের শিক্ষা ব্যবস্থা নিয়ে। অভিযোগ করা হচ্ছে এই কিন্ডার গার্টেনগুলি সমাজ জীবনে এক খনিষ্ঠ মানসিকতার সৃষ্টি করেছে। শিক্ষা ব্যবস্থায় বিষম্য সৃষ্টি করেছে। কিন্তু তা সত্ত্বেও কিন্ডার গার্টেন গ্রামের দিকে বিস্তারিত হচ্ছে। লাইসেন্স-পার-মিটের সনাতন রীতি ধরে সংগৃহীত হচ্ছে নাকি কিন্ডার গার্টেনের টাকা।

মফস্বলের খবরটি ছোট। তবে আমরা তুলে ধরলাম। আমরা মনে করি, এ খবরের গুরুত্ব অনেক। আজ গ্রাম কালীন সাধারণ শিক্ষার ব্যবস্থার টুকিয়ে রাখার জন্য ঐক্যবদ্ধ সামগ্রিক প্রচেষ্টা প্রয়োজন। সে ক্ষেত্রে বিষম্যমূলক শিক্ষার পরিবেশ সৃষ্টি করার জন্য আদৌ মসলজানক কি? আশা করবো সশিষ্ট মনগলয় এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।